অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/31/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শীতকালীন সংক্রমণ বৃদ্ধি বিরোধী পরিকল্পনা 2.0 ঘোষণা করলেন

যখন নিউ ইয়র্ক শীতকালীন সংক্রমণ বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করছে, তখন গভর্নর দুঃস্থ নিউ ইয়র্কবাসীকে রক্ষা করা, জীবন বাঁচানো, এবং অতি গুরুত্বপূর্ণ শিল্পের সমর্থনে অভীষ্ট পরিকল্পনা প্রকাশ করলেন

এর ভিত্তি হলো চলমান প্রচেষ্টাসমূহ যেমন লাখ লাখ টেস্ট কিট বিতরণ, হাসপাতালের ধারণক্ষমতা বৃদ্ধি করার এবং কর্মী সঙ্কট মেটাতে পদক্ষেপ, এবং চলমান টিকাদান ও বুস্টার প্রচারণা

গভর্নর ক্যাথি হোকল আজকে শীতকালীন সংক্রমণ বৃদ্ধি বিরোধী পরিকল্পনা 2.0 (Winter Surge Plan 2.0) ঘোষণা করলেন, এটি শীতকালীন সংক্রমণ বৃদ্ধির বিরুদ্ধে নিউ ইয়র্কের লড়াইকে জোরদার করার একটি নতুন অভীষ্ট প্রচেষ্টা। গভর্নর হোকলের সার্বিক পরিকল্পনা পাঁচটি কেন্দ্রীয় বিষয়ে গুরুত্ব প্রদান করে: শিক্ষার্থীদের স্কুলে রাখা, মাস্ক এবং পরীক্ষা বৃদ্ধি করা, তীব্র অসুস্থতা এবং মৃত্যু প্রতিরোধ করা, টিকা ও বুস্টার পাওয়ার সুযোগ বৃদ্ধি করা, এবং স্থানীয় নেতৃবৃন্দের সাথে একত্রে কাজ করা। এছাড়াও নতুন বছর শুরু হওয়ার কিছু ঘণ্টা পূর্বে, গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে নিরাপদ, দায়িত্বশীলভাবে নতুন বছরের আগের রাত উদযাপনের তাগিদ দিয়েছেন।

"যেহেতু আমরা ছুটির সপ্তাহান্তের দিকে এগিয়ে যাচ্ছে, তাই নিউ ইয়র্ক স্টেট আমাদের কাছে থাকা সকল সংস্থান শীতকালীন সংক্রমণ বৃদ্ধির বিরুদ্ধে লড়াই করতে এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে ব্যবহার করছে," **গভর্নর হোকল বলেন।** "আমরা অভীষ্ট পদক্ষেপ, স্থানীয় নেতৃবৃন্দের সাথে অংশীদারিত্ব, এবং টিকা গ্রহণ, বুস্টার গ্রহণ, এবং অভ্যন্তরে মাস্ক পরিধানের মতো সাধারণ বুদ্ধি অনুসরণ করার মাধ্যমে এই সংক্রমণ বৃদ্ধির মোকাবেলা করতে পারবো"

"আমাদের পরিবারগুলি ও সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখার জন্য আমাদের কাছে সকল হাতিয়ারই রয়েছে," **স্টেটের ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন।** "আমাদেরকে এই সবকিছু ব্যবহার করা নিশ্চিত করতে হবে। গভর্নর হোকলের টিকা, বুস্টার, মাস্ক পাওয়ার ও পরীক্ষা করার সুযোগ বৃদ্ধির অভীষ্ট পরিকল্পনা এবং আমাদের স্বাস্থ্যসেবা কর্মীদের রক্ষা করার পদক্ষেপ হলো দ্রুত সংক্রমণশীল ওমিক্রন ভ্যারিয়েন্টের বিরুদ্ধে লড়াই করতে প্রয়োজনীয় সার্বিক কৌশল। বিভিন্ন পর্যায়ের এই প্রশমন কৌশলগুলি দ্বারাই আমরা নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য রক্ষা করবো এবং কার্যকরভাবে শীতকালীন সংক্রমণ বৃদ্ধিকে সামাল দিবো।"

1. স্কুলগুলি খোলা রাখা: দুই বছর ধরে দূরবর্তী শিক্ষাদান এবং স্কুল বন্ধ থাকার পর, আগামী বছরে গভর্নর হোকলের মনোযোগ থাকবে শিক্ষার্থীদের স্কুলে রাখা। গভর্নর হোকলের 5-অংশের পরিকল্পনার প্রথম বিষয় হলো:

- *শিক্ষার্থী ও স্কুল জেলাগুলির জন্য নমুনা পরীক্ষার ব্যবস্থা করা:* এই সপ্তাহে স্কুলগুলির জন্য 5.56 মিলিয়ন পরীক্ষার ব্যবস্থা হয়েছে এবং আগামী দিনগুলিতে আরো ছয় থেকে সাত মিলিয়ন করা যাবে বলা প্রত্যাশা করা যাচ্ছে। পরীক্ষার ব্যবস্থা বিতরণের জন্য নিউ ইয়র্ক 40টি ট্রাক এবং 86 জন স্টেটকর্মীকে নিযুক্ত করেছে। নিউ ইয়র্ক স্টেট বিতরণের জন্য সর্বমোট 37 মিলিয়ন পরীক্ষার ব্যবস্থা করেছে।
- *থাকার-জন্য-পরীক্ষা (Test-to-Stay) সম্পাদন করার জন্য কাউন্টিগুলির সাথে কাজ করা:* থাকার-জন্য-পরীক্ষা নীতি সফলভাবে আমাদের শিশুদের নিরাপদ রেখেছে এবং স্কুল খোলা রেখেছে। কোনো শিক্ষার্থী যদি আক্রান্ত হয়, তার সহপাঠীরা কোয়ারেন্টিন করার পরিবর্তে বাড়িতে তাদের সাথে একটি পরীক্ষার কিট নিয়ে যেতে পারবে এবং নেতিবাচক ফল পেলে শ্রেণীকক্ষে ফেরত আসতে পারবে।
- *কলেজের শিক্ষার্থী ও ফ্যাকাল্টিকে নিরাপদ রাখা:* নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটি (City University of New York, CUNY) সকল শিক্ষার্থীর জন্য নতুন করে বুস্টার আবশ্যক করবে, ক্যাম্পাসে পাবলিক ইনডোর স্থানগুলিতে মাস্ক পরিধান আবশ্যিক করা হবে, এবং সকল ফ্যাকাল্টিকে টিকা গ্রহণ করতে হবে। এছাড়াও শিক্ষার্থীদের ক্যাম্পাসে ফেরত আসার সময় পরীক্ষার নেতিবাচক ফল জমাদান করতে হবে।

2. মাস্ক পরে রাখা, পরীক্ষা করতে থাকা: গভর্নর হোকল বুঝতে পারেন যে ভাইরাসের সংক্রমণ বন্ধ করতে, নিউ ইয়র্কবাসীকে মাস্ক পরা এবং কোভিডের জন্য পরীক্ষা করা অব্যাহত রাখতে হবে। গভর্নর হোকল যা করবেন:

- *মাস্ক-বা-টিকা আবশ্যকতা সম্প্রসারণ করা:* ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health) আরো দুই সপ্তাহের জন্য মাস্ক-বা-টিকা আবশ্যকতা সম্প্রসারণ করবে, যা কর্মীদের রক্ষা করবে এবং ব্যবসাগুলিকে খোলা রাখতে দিবে।
- *মাস্ক আরো ব্যাপকভাবে উপলভ্য করা:* নিউ ইয়র্ক স্টেট ইতিমধ্যে 5 মিলিয়ন KN-95 মাস্ক বিতরণ করেছে, এবং স্টেটের বিধায়কদের মাধ্যমে আরো বিতরণ করা হবে। এছাড়াও নার্সিং হোমে দেখতে আসা মানুষদের মধ্যে লাখ লাখ মাস্ক বিতরণ করা হবে।
- *নতুন পরীক্ষার সাইট চালু করা:* গভর্নর হোকল 4 জানুয়ারি ছয়টি নতুন পরীক্ষা করার সাইট খুলবেন, ফলে স্টেটব্যাপী স্টেট-পরিচালিত সাইটের মোট সংখ্যা হবে 19টি। পাশাপাশি, গভর্নর হোকল পূর্বে ঘোষিত মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটি (Metropolitan Transportation Authority, MTA) পপ-আপের পাশাপাশি MTA স্টেশনে দুইটি নতুন সাইট খোলার ঘোষণা দিয়েছেন।

3. তীব্র অসুস্থতা এবং মৃত্যু প্রতিরোধ: যেহেতু আক্রান্তের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে, গভর্নর হোকল হাসপাতালের ব্যবস্থা সমর্থনের মাধ্যমে তীব্র অসুস্থতা এবং মৃত্যু প্রতিরোধকে অগ্রাধিকার প্রদান করছেন। শীতকালীন সংক্রমণ বৃদ্ধি বিরোধী পরিকল্পনা 2.0 যা করবে:

- *অ্যান্টিভাইরাল চিকিৎসা বিতরণ;* নিউ ইয়র্ক অ্যান্টিভাইরাল ওষুধ প্যাভলক্সিডের ডোজ নিশ্চিত করতে এবং এই চিকিৎসা আরো ব্যাপকভাবে উপলভ্য করতে বাইডেন প্রশাসনের সাথে কাজ করছে।
- *হাসপাতালের ধারণক্ষমতা বৃদ্ধি;* গভর্নর হোকল হাসপাতালের ধারণক্ষমতা বৃদ্ধি করতে নভেম্বর 26 এর নির্বাহী আদেশ (November 26 Executive Order) প্রয়োগ অব্যাহত রাখবেন। এটি কার্যকর হওয়ার পর থেকে, সীমাবদ্ধ ধারণক্ষমতার হাসপাতালের অত্যাবশ্যকীয় নয় এমন সার্জারি বিলম্ব করার সংখ্যা 32 থেকে 21 হয়েছে।
- *ন্যাশনাল গার্ড জরুরি মেডিকেল টেকনিশিয়ান (EMT) প্রশিক্ষণ (National Guard EMT training) শুরু করা:* দীর্ঘমেয়াদি স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীর ধারণক্ষমতা প্রয়োজন মেটাতে, ডিপার্টমেন্ট অফ হেলথ এবং মিলিটারি এবং নেভাল অ্যাফেয়ার্স ডিভিশন (Division of Military and Naval Affairs) 5 জানুয়ারি দুইটি পাইলট EMT প্রশিক্ষণ ক্লাস শুরু করবে। এখানে 40 সার্ভিস সদস্যের দুইটি ক্লাস (মোট 80জন সার্ভিস সদস্য) করানো হবে যাদের ফেব্রুয়ারির মধ্যে নিয়োগ করা সম্ভব হবে।
- *ফেডারেল অংশীদারদের থেকে অতিরিক্ত সাহায্য নিশ্চিত করা:* আগামী দিনগুলিতে, আমরা ফেডারেল ডিপার্টমেন্ট অফ ডিফেন্স (Department of Defense, DoD) থেকে মেডিকেল রেসপন্স (Medical Response) এবং ডিজ্যাস্টার মেডিক্যাল অ্যাসিস্টেন্স দল (Disaster Medical Assistance Teams, DMAT) পাবো। এর মধ্যে থাকবে সিরাকিউসে SUNY আপস্টেটে একটি 35-সদস্যের DMAT দল, বাফেলোর ইরি কাউন্টি মেডিকেল সেন্টারে (Erie County Medical Center) 23-সদস্যের DoD মেডিকেল রেসপন্স দল, এবং নিউ ইয়র্ক সিটিতে কাজে নিযুক্ত করার জন্য 50টি নতুন অ্যাম্বুলেন্স।
- *নার্সিং হোমের বাসিন্দা ও কর্মীদের সুরক্ষা প্রদান:* হোকল প্রশাসন নিউ ইয়র্কের 606টি নার্সিং হোমের সাথে সর্বদা যোগাযোগ রাখছে এবং তাদের সকল রোগী ও কর্মীদের নিরাপত্তার জন্য অতিরিক্ত ব্যক্তিগত সুরক্ষার সরঞ্জাম (Personal Protective Equipment, PPE) প্রদান করবে। পাশাপাশি, প্রশাসন হাসপাতালের সাথেও সমন্বয় করছে এবং সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যসেবায় অব্যাহত সমর্থন হিসেবে টেকসই মেডিকেল সরঞ্জাম প্রদান করবে।

4. টিকা ও বুস্টার পাওয়ার সুযোগ বৃদ্ধি; কোভিড আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি এবং মৃত্যুর বিরুদ্ধে টিকা এখনো সেরা প্রতিরোধ। যদিও 95 শতাংশ প্রাপ্তবয়স্ক নিউ ইয়র্কবাসী অন্তত একটি টিকা গ্রহণ করেছে, টিকা ও বুস্টার হার বৃদ্ধি করতে আরো অনেক কিছু করার রয়েছে, বিশেষ করে শিশুদের মধ্যে:

- *নার্সিং হোমে বুস্টার প্রদান:* নিউ ইয়র্ক সকল নার্সিং হোমের জন্য তাদের বাসিন্দাদের মধ্যে টিকা ও বুস্টার গ্রহণের হার বৃদ্ধি করার পরিকল্পনা প্রদর্শন করা বাধ্যতামূলক করবে।
- *শিশুদের টিকা বৃদ্ধি:* নিউ ইয়র্কের সবথেকে বেশি যোগ্য কিন্তু টিকা না নেওয়া গোষ্ঠী 5-11 বছর বয়সীরা। নিউ ইয়র্ক শিশুদের টিকার ক্ষেত্রে আমাদের মনোযোগ বৃদ্ধি করবে।
- *কিশোরদের জন্য বুস্টার টিকা প্রদান:* আমরা 12-15 বছর বয়সী শিশুদের জন্য ফাইজারের বুস্টার টিকার অনুমোদন প্রত্যাশা করছি এবং প্রস্তুত হওয়ার সাথে সাথে সেই জনগোষ্ঠীর মধ্যে টিকা প্রদানের প্রচার শুরু করবো।

5. স্থানীয় নেতৃবৃন্দের সাথে কাজ করা: শুরু থেকেই গভর্নর হোকল জোর প্রদান করে বলেছেন যে কোভিডের বিরুদ্ধে লড়াই অবশ্যই সহযোগিতামূলক পন্থায় হতে হবে। শীতকালীন সংক্রমণ বৃদ্ধির বিরুদ্ধে লড়াইয়ের জন্য স্থানীয় অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা প্রয়োজন।

- *স্থানীয় নেতৃবৃন্দকে নেতৃত্ব দিতে দেওয়া:* নিউ ইয়র্ক সিটি থেকে ইরি কাউন্টি পর্যন্ত, স্থানীয় নেতৃবৃন্দ বুদ্ধিমান সিদ্ধান্ত নিচ্ছে। আমরা এই সূক্ষ্ম, অভীষ্ট পন্থা অব্যাহত রাখবো।
- *স্থানীয় অংশীদারদের সংস্থান প্রদান:* গভর্নর হোকল কোভিডের বিরুদ্ধে লড়াইয়ে একটি সম্পূর্ণ-সরকারের পন্থায় নেতৃত্ব প্রদান অব্যাহত রাখবেন, যা নিশ্চিত করবে যে কাউন্টির জরুরি ব্যবস্থাপক এবং স্থানীয় স্কুল বোর্ডের কাছে তাদের প্রয়োজনীয় পরীক্ষার ব্যবস্থা ও মাস্ক রয়েছে।

###

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418